দৈনিক বাংলা

তারিখ 06 DEC 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

118

# রাজশাহী ভার্সিটিতে শিক্ষক ধর্মঘট

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : রাজশাহী, ৫ ডিসেম্বর।–আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ধর্মঘট ও কালো ব্যাজ ধারণ দিবস পালিত হয়। ১ ডিসেম্বর একটি সাংস্কৃতিক অনুষ্ঠান করতে গিয়ে শিক্ষক ও সাংস্কৃতিক জোট কর্মীদের উপর পুলিশী হামলার প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এই ধর্মঘটের ডাক দেয়।

(৫–এর পৃঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে

( প্রথম পৃষ্ঠার পর )

ধর্মঘট চলাকালে শিক্ষকরা ক্লাসে যাননি এবং কোন শিক্ষা কার্যক্রমে অংশ নেননি। তাঁরা কালো ব্যাজ পরে পরীক্ষা হলে তাদের দায়িত্ব পালন করেন।